



29-Dec, 2017 Page No: 14

## কর্মসংস্থান সৃষ্টিতে এসএমই হতে পারে কার্যকর শক্তি

**অর্থনৈতিক রিপোর্টার** ॥ সরকার ও অন্যান্য পর্যায় থেকে নানা উদ্যোগ সত্ত্বেও উৎপাদন ও বাজারজাত পর্যায়ে বিরাজমান নানা সমস্যার কারণে অর্থনীতিতে কাল্পনিক ভূমিকা রাখতে পারছে না ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) খাত। এসব সমস্যা সমাধানে বৃহৎ আঙ্গিকে উদ্যোগ নেয়া গেলে বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং কর্মসংস্থান সৃষ্টিতে এসএমই একটি কার্যকর শক্তি হয়ে উঠতে পারে। যুক্তরাষ্ট্রভিত্তিক উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান ইনোভেশন্স ফর পোজিটিভ এ্যাকশন (আইপিএ) এবং প্রধানমন্ত্রী কার্যালয়ের এক্সেস টু ইনফরমেশন কর্মসূচী যৌথ উদ্যোগে বৃহস্পতিবার ঢাকার হোটেল ওয়োস্টিনে আয়োজিত এক সেমিনারে বক্তারা এ কথা বলেন। 'বাংলাদেশে এসএমই উন্নয়নে প্রামাণ্য সংলাপ' শীর্ষক সেমিনারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপক অতনু রাস্কানী ও যুক্তরাজ্যের ওয়ারউইক বিশ্ববিদ্যালয়ের পিএইচডি গবেষক পাওলা লোপেজ পেনা দুটি পৃথক গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন। সেমিনারে বক্তারা বলেন, এসএমই খাতের উন্নয়নে কার্যকর গবেষণা বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে স্থায়ী ও উল্লেখযোগ্য অবদান রাখতে পারে। অন্যদিকে কর্মসংস্থানের জন্য দক্ষতা সৃষ্টির মাধ্যমে ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীত করার লক্ষ্য অর্জনে বড় সহায়ক হতে পারে। সেমিনারে বাংলাদেশ ব্যাংকের এসএমই ও বিশেষ কর্মসূচী বিভাগের প্রধান শেখ মোহাম্মদ সেলিম, ব্র্যাক ব্যাংকের এসএমই বিভাগের প্রধান সৈয়দ আব্দুল মোমেন, উইমেন চেম্বারের সহসভাপতি সংগীতা আহমেদ প্রমুখ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতুক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাল্ল: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com